

SHSAT মিস্ করেছেন? আপনি এখনও একটি মেক-আপ টেস্ট-এর জন্য অনুরোধ করতে পারেন!

প্রিয় পরিবারবর্গ,

সুখবর! যদি আপনি স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT) মিস্ করে থাকেন অথবা সময়সীমা শেষ হবার আগে যদি আপনি রেজিস্টার না করে থাকেন, তবে আপনি একটি মেক-আপ টেস্ট-এর জন্য অনুরোধ করতে পারেন! **অনুগ্রহ করে লক্ষ্য করবেন** যে যদি আপনি ইতোমধ্যেই এই বছর SHSAT দিয়ে থাকেন, তবে আপনি এটা পুনরায় গ্রহণ করতে পারবেন না।

- **যদি আপনি রেজিস্টার করতে চান**, তবে 20 নভেম্বর, 2023 তারিখের মধ্যে আপনার স্কুল কাউন্সিলার অথবা একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) সাথে যোগাযোগ করুন।
- **একটি মেক-আপ টেস্টের জন্য ইতোমধ্যেই রেজিস্টার করেছেন?** যখন [মাইস্কুলস্](#) থেকে টিকেটগুলো প্রিন্ট করার জন্য প্রস্তুত হবে, তখন আমরা রেজিস্টারকৃত সকল শিক্ষার্থী ও স্কুলে সেটা জানাবো। প্রতিটি শিক্ষার্থীর টিকেটে তাদের পরীক্ষার তারিখ ও অবস্থান অন্তর্ভুক্ত থাকবে; আরো জানতে schools.nyc.gov/SHS দেখুন।
- **ইতোমধ্যেই পরীক্ষা দিয়েছেন?** তাহলে সব ঠিক আছে—আপনার এই মুহূর্তে কোনও কিছু করার প্রয়োজন নেই। 2024-এর মার্চে যখন ফলাফল লভ্য হবে তখন আমরা পরিবার ও স্কুলকে অবহিত করবো।

প্রশ্ন আছে কি? schools.nyc.gov/SHS দেখুন অথবা আপনার স্কুল কাউন্সিলারের সাথে কথা বলুন।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট



এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp -এ, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আপনি কোনও ইমেইল পেতে না চাইলে বা আনসাবসক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।